

ক্যাটাগরি: প্রাইমারি (৩য়-৫ম শ্রেণী)

সময়: ১ ঘণ্টা

১৫ মিনিট

নাম(বাংলায়):

শ্রেণী(২০১০ সাল):



**Name (In English):**

**Registration No:**

[এই উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে উত্তর লিখতে হবে। খসড়ার জন্য পৃথক কাগজ ব্যবহার করতে হবে এবং তা জমা দিতে হবে। সকল সংখ্যা ইংরেজীতে লেখা হয়েছে। সবাইকে নিজ নিজ উত্তরপত্র জমা দিতে হবে।]

নং	সমস্যা	উত্তর
১	যদি তোমার দুটি চোখ থাকে তাহলে আমার কয়টি কান আছে? (আমি কিন্তু একজন মানুষ!!!) If you have two eyes, how many ears do I have? (I am a human being!!!!)	
২	$2 \times 4 \times 5 \times 8 \times 13$ এর সবচেয়ে বড় মৌলিক উৎপাদক কত? What is the largest prime number that divides $2 \times 4 \times 5 \times 8 \times 13$	
৩	12 অংকের একটি বিজোড় সংখ্যা এবং 11 অংকের জোড় সংখ্যার মাঝে পার্থক্য সর্বনিম্ন কত হতে পারে? What is the minimum difference between a 12 digit odd number and a 11 digit even number?	
8		
৫	83438 সংখ্যাটিকে উল্টো করে লিখলেও একই থাকে। এ ধরনের সংখ্যাকে টামটা সংখ্যা ও এ ধরনের শব্দকে টামটা শব্দ বলা হয়। যেমন- রমাকান্তকামার, 101, 1234321। একটি দুই অংক বিশিষ্ট টামটা সংখ্যার 2 সাথে যোগ করলে একটি তিন অংক বিশিষ্ট টামটা সংখ্যা তৈরি হয়। দুই অংকের ঐ টামটা সংখ্যাটি কত? A <i>palindrome</i> , such as <b>83438</b> , is a number that remains the same when its digits are reversed. When 2 is added with a two digit palindrome, we get a three digit palindrome. What is that two digit palindrome?	

আয়োজক: বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি

নং	সমস্যা	উত্তর
৬	<p>ময়দার একটি দলা থেকে সমান আকারের 15 টি বিস্কিট তৈরি করা যায়। সেই একই ময়দার দলা থেকে 35 টুকরো পাউরুটি তৈরি করা যায়। প্রতি টুকরো পাউরুটির ভর 3 গ্রাম হলে প্রতিটি বিস্কিটের ভর কত?</p> <p>15 biscuits of same size can be made out of a lump of flour. The same lump of flour can be used to make 35 pieces of bread. Mass of each piece of bread is 3 grams. Find the mass of each biscuit.</p>	
৭	 <p>পাশের ছবিতে ডানদিকের নিচের কালো বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল 16 হলে বামদিকের বড় কালো ত্রিভুজটির ক্ষেত্রফল কত হবে?</p> <p>In the diagram, the area of the small black square in the bottom right is 16. What is the area of the big black triangle?</p>	
৮	 <p>পাশের ছবিতে একটি ছক কাটা আছে, এর দুইটি কলাম আর তিনটি সারি আছে। এই ছকে 2 এবং 7 সংখ্যা দুটি এমনভাবে বসাতে হবে যেন এরা একই কলামে না থাকে। কতভাবে সংখ্যাগুলোকে এই ছকে বসানো যেতে পারে?</p> <p>In the two by three array of the diagram, you'll have to place the numbers 2 and 7 so that they are not placed in the same column. In many ways can you do that?</p>	
৯	<p>আবির 9:30 এ তার বাড়ি থেকে নায়েলের বাড়ির দিকে যাত্রা শুরু করল। কিন্তু নায়েলের বাড়িতে গিয়ে দেখল যে নায়েলের ঘড়িতে 8:55 বেজে আছে। নায়েলের ঘড়িতে যখন 9:00 বাজে তখন সে নিজের বাড়ির দিকে ফিরে আসা শুরু করল। বাসায় এসে দেখল তার ঘড়িতে তখন 10:15 বাজে। যদি নায়েলের বাসায় যেতে এবং সেখান থেকে ফিরে আসতে আবিরের সমান সময় লেগে থাকে তাহলে নায়েলের ঘড়ি আবিরের ঘড়ি থেকে কত মিনিট স্লো সেটি বের কর।</p> <p>Abir started at 9:30 pm from his house to go to Nayel's house. When he reached there, he saw it was 8:55 pm in Nayel's clock. He started back towards his house when it was 9:00 pm at Nayel's. He reached at his house when it was 10:15 pm in his clock. If Abir needed equal time to go and come back, find out the number of minutes Nayel's clock is slow by.</p>	
১০	<p>রিংকু, টিয়া আর আবিরের প্রত্যেককে তিনটি করে সংখ্যা নিতে বলা হল। শর্ত হল- প্রত্যেকের প্রথম ও তৃতীয় সংখ্যা দুটির যোগফল দ্বিতীয় সংখ্যার দ্বিগুণ হতে হবে এবং দ্বিতীয় সংখ্যা থেকে তৃতীয় সংখ্যা 2 বড় হতে হবে। দেখা গেল, রিংকুর দ্বিতীয় সংখ্যা টিয়ার দ্বিতীয় সংখ্যার চেয়ে 2 ছোট আর টিয়ার দ্বিতীয় সংখ্যা আবিরের দ্বিতীয় সংখ্যার চেয়ে 2 ছোট। টিয়ার তৃতীয় সংখ্যাটি 15 হলে আবিরের প্রথম সংখ্যাটি কত?</p>	

নং	সমস্যা	উত্তর
	Each of Rinku, Tiya and Abir are asked to choose three numbers so that the sum of the third and the first number is twice the second one and the third number is 2 greater than the second number. It was observed that the second number of Rinku is 2 smaller than the second number of Tiya and the second number of Tiya is 2 smaller than the second number of Abir. If the third number chosen by Tiya is 15, find the first number chosen by Abir.	